

বাংলাদেশ পুলিশের উদ্ভাবনী উদ্যোগ ধারণাসমূহ-২০২০

১। ফিউশন সেন্টার: ডিএমপি, ঢাকার সকল ডিভিশনে তথ্য প্রাপ্তি সেবা সহজীকরণের লক্ষ্যে অত্র বিভাগ কর্তৃক ফিউশন সেন্টার তৈরির ধারণা কার্যকর করার লক্ষ্যে উদ্যোগ গৃহীত হয়েছে। এ ফিউশন সেন্টারে সাপ্তাহিক/পাক্ষিক সভার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের প্রতিনিধিদের সাথে তথ্য শেয়ারের মাধ্যমে সিটিটিসির কাজে গতিশীলতা আনয়নের চেষ্টা করা হচ্ছে।

পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা

২। ডিজিটাল কাউন্টার কলিং: ডিএমপি, ঢাকার ট্রাফিক বিভাগের প্রসিকিউশন শাখায় পরবর্তী সেবা পদ্ধতি সহজীকরণের লক্ষ্যে সর্বনিম্ন সময়ে সেবা প্রদানের জন্য ডিজিটাল কাউন্টার কলিং সেন্টার স্থাপন করা হবে। টোকেনের মাধ্যমে সিরিয়াল অনুযায়ী সেবা প্রদান করা হবে।

পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা

৩। **DMP Renovated Information Management System (DRIMS)** : নিম্নোক্ত ১৩টি পৃথক ডাটা বেজকে একত্রিত করে একজন ব্যক্তির সম্পর্কে সল্প সময়ে তথ্য প্রাপ্তির লক্ষ্যে একটি সমন্বিত ডাটাবেজ সফটওয়্যার প্রস্তুত করা হবে। যে সফটওয়্যারটি DMP Renovated Information Management System (DRIMS) নামে পরিচালনা করা হবে।

1. Crime Data Management System (CDMS).
2. Suspect Identification and Verification System (SIVS).
3. Citizen Information Management System (CIMS).
4. Automatic Fingerprint Identification Systems (AFIS).
5. NID Database.
6. Bangladesh Road Transport Authority (BRTA) Database
7. Passport Database.
8. Immigration Database.
9. Criminal & Inmate Database.
10. NTMC (For CDR Data)
11. Jail Database.
12. Birth and Death Registration Database.
13. Bangladesh Financial Intelligence Unit (BFIU) Database.

পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা

৪। ঢাকা মেট্রোপলিটন পুলিশ সদস্যদের কাজের অভিন্ন মূল্যায়ন পদ্ধতি: ঢাকা মেট্রোপলিটন পুলিশ সদস্যদের কাজের জবাবদিহিতা ও মূল্যায়নের নিমিত্ত পূর্বোক্ত ব্যবস্থাকে ডিজিটাল রূপ দানের লক্ষ্যে একটি Apps ভিত্তিক অভিন্ন মূল্যায়ন পদ্ধতির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা

